



স্মারক নং - ৩২.০১.৮১০০.০০০.০০৫.০৮.২১ . ০৬ (২০)

তারিখ ২৬ পৌষ ১৪২৭ বাঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ


নিয়োগ বিজ্ঞপ্তি

রাজশাহী জেলার অর্ন্তগত মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতাধীন কর্মজীবী মহিলা হোস্টেল, নতুন বিলসিমলা (মেডিকেল বন্ধ গেটের বিপরীতে) রাজশাহীতে দৈনিক মজুরী ভিত্তিতে অস্থায়ীভাবে একজন দারোয়ান (পুরুষ) ও একজন সহকারী কুক (মহিলা) নিয়োগের জন্য রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নির্ধারিত ফর্মে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম	সংখ্যা	মজুরীর হার (দৈনিক)	শিক্ষাগত যোগ্যতা
০১.	দারোয়ান (পুরুষ)	০১ জন	৩০০/-	কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ
০২.	সহকারী কুক (মহিলা)	০১ জন	৩০০/-	কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ

শর্তাবলী

- ০১। নির্ধারিত ফর্মে লিখিত আবেদন করতে হবে। আবেদন ফরমটি www.rajshahi.gov.bd ওয়েব সাইটে এবং কর্মজীবী মহিলা হোস্টেল, রাজশাহী হতে সংগ্রহ করা যাবে। আগামী ২৮/০১/২০২১ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট সরাসরি জমা দিতে হবে।
- ০২। প্রার্থীর বয়স আগামী ২৮/০১/২০২১ তারিখে অবশ্যই ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে।
- ০৩। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
(ক) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি ০২ (দুই) কপি।
(খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের প্রযোজ্য ক্ষেত্রে সত্যায়িত কপি।
(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জন্মনিবন্ধন সনদের সত্যায়িত কপি।
(ঘ) আবেদন পত্রের সাথে হোস্টেল সুপার, কর্মজীবী মহিলা হোস্টেল, রাজশাহী অনুকূলে ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার জমা দিতে হবে।
- ০৪। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদন পত্রের সাথে দাখিলকৃত সকল সনদ/কাগজপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।
- ০৫। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থান ও তারিখে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।
- ০৬। নিয়োগ ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদন পত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(ফেরদৌস রাবিয়া)
হোস্টেল সুপার
কর্মজীবী মহিলা হোস্টেল, রাজশাহী।
ফোন নং- ০৭২১-৭৬০৩৩১

